গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
মৎস্যচাষ শাখা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.১০.০৩৯.২২.১১৬

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **মৎস্য অধিদপ্তরের উল্লেখযোগ্য বাস্তবায়িত কার্যক্রমসমূহ, অর্জন, সাফল্য ও মৎস্যখাতের গুরুত্ব তুলে ধরে ব্যাপক প্রচারণা।**

সূত্র: ৩১/০৮/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা সভার ৭.১ নং সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিপুল জনগোষ্ঠীর জন্য আমিষ জাতীয় খাদ্য সরবরাহ, কর্মসংস্থান সৃষ্টি, গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও বৈদেশিক মুদ্রা অর্জনে মৎস্যখাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। রূপকল্প ২০৪১ সালের মধ্যে সুখী সমৃদ্ধ স্মার্ট উন্নত দেশে উন্নীত করাসহ টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। স্থায়িত্বশীল নিরাপদ মৎস্য উৎপাদন ও সর্বোত্তম উৎপাদনশীলতা নিশ্চিতকরণ, জেলেদের আর্থসামাজিক উন্নয়ন, মৎস্য ও মৎস্যপণ্যের রপ্তানি বাজার সম্প্রসারণ, মৎস্য অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ, ইলিশ সম্পদ ও সামুদ্রিক মৎস্যসম্পদের স্থায়িত্বশীল আহরণ এবং মৎস্য ও মৎস্য পণ্যের ভ্যালু চেইন উন্নয়নসহ নানাবিধ কার্যক্রম গ্রহণের ফলে ইতোমধ্যে বাংলাদেশ মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ ও আন্তর্জাতিকভাবে প্রশংসিত মৎস্যখাতের উত্তোরত্তোর উন্নয়নে মৎস্য অধিদপ্তর এর এসকল অর্জন ও সাফল্যসমূহের বহুল প্রচার প্রয়োজন।

এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরের উল্লেখযোগ্য বাস্তবায়িত কার্যক্রমসমূহ, অর্জন, সাফল্য ও মৎস্যখাতের গুরুত্ব তুলে ধরে ব্যাপকভাবে মাঠপর্যায়ে প্রচারণার উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-৯-২০২৩
অলক কুমার সাহা
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২-২২৩৩৮১৫৯২
ইমেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্রগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ,বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.১০.০৩৯.২২.১১৬/১(৪)

তারিখ: ৬ আশ্বিন ১৪৩০
২১ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি, অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
২) জেলা মৎস্য কর্মকর্তা (সকল)

৩) ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

২১-৯-২০২৩
মুহাঃ নওশের আলী
সহকারী পরিচালক (মৎস্যচাষ)